ঢাকা পবিস-৩

ISO 9001:2015 Certified

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩
DHAKA PALLI BIDYUT SAMITY-3
গেন্ডা, সাভার, ঢাকা।

সদরদপ্তর মানব সম্পদ বিভাগ
টেলিফোন নং-০২-২২৪৪৪৪৫১৫
E-M ail: dhakapbs3@gmail.com
Website:www. pbs3.dhaka.gov.bd
Skype:dhakapbs3,Twitter:dhakapbs3

স্মারক নং-২৭.১২.২৬৭২.৫৭১.০২.০০৮.২০২২. ১৮৬৪

তারিখঃ ০৪ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
১৮ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

" নিয়োগ বিজ্ঞপ্তি "

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ নিম্ন বর্ণিত শূন্য পদে নিয়োগ/ প্যানেল প্রস্তুতের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

পদের নাম ও সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা	মূল বেতন অন্যান্য ভাতা	বয়সসীমা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
ড্রাইভার ০২ টি	বিভিন্ন নির্দেশিকা, নির্দেশনা ও সংকেত পড়ার জন্য প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়াসহ ন্যূনতম ইংরেজি শব্দ ও সংখ্যা লিখতে ও পড়তে সক্ষম হইতে হইবে। প্রার্থীর বৈধ ড্রাইভিং লাইসেন্স এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে পূর্নাঙ্গ প্লাষ্টিক কার্ডের ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর হইতে কোন সরকারি আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থা বা বৃহৎ শিল্প প্রতিষ্ঠানে কমপক্ষে ৫ বৎসর গাড়ী চালনা ও রক্ষণাবেক্ষণের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। বিগত ০৩ (তিন) বছরে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সহিত দাখিল করিতে হইবে। প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, সুস্বাস্থ্যের অধিকারী, ভদ্র, ও সন্তোষজনক ব্যক্তিত্বের অধিকারী হইতে হইবে।	মূলবেতন ১৬,৬০০/= (ষোল হাজার ছয়শত) টাকা ও নির্দেশিকা মোতাবেক প্রাপ্য আর্থিক অন্যান্য সুবিধা	প্রার্থীর বয়স ১৮/০৬/২০২২ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৪৫ বৎসর হইতে হইবে।	বগুড়া, ব্রাহ্মনবাড়ীয়া, চাঁদপুর, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফেনী, গাইবান্ধা, হবিগঞ্জ, যশোর, খাগড়াছড়ি, খুলনা, কিশোরগঞ্জ, কুষ্টিয়া, নারায়ণগঞ্জ, নাটোর, নবাবগঞ্জ, নেত্রকোনা, নীলফামারী, নোয়াখালী, পটুয়াখালী, রাঙ্গামাটি, শরীয়তপুর, সুনামগঞ্জ, সিলেট।

সকল প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলীঃ

০১। উক্ত পদে আগ্রহী প্রার্থীগণ ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ওয়েব সাইট (www. pbs3.dhaka.gov.bd) হইতে আবেদন ফরম (ফরম নং- পমাসপ ১১০-০০২, ভাসন-০১) ডাউনলোড পূর্বক (আবেদন ফরম ফটোকপি গ্রহণযোগ্য) নিজ হাতে যথাযথভাবে পূরণ করিয়া আগামী ০২-০৭-২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকার মধ্যে নিজে উপস্থিত হইয়া সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেন্ডা, সাভার, ঢাকা বরাবর জমা করিতে হইবে। ঐ দিনই সকাল ১১:৩০ ঘটিকার সময় নির্বাচনী পরীক্ষা ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তরে অনুষ্ঠিত হইবে। নির্বাচনী পরীক্ষায় আবেদনকারীকে পূর্নাঙ্গ প্লাষ্টিক কার্ডের ড্রাইভিং লাইসেন্স এর মূলকপিসহ সকল কাগজপত্র প্রদর্শন করিতে হইবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

০২। আবেদন পত্রের সংগে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করিতে হইবেঃ
(ক) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও চারিত্রিক সনদ পত্র।
(খ) সাম্প্রতিককালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
(গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ এর সত্যায়িত ফটোকপি।
(ঘ) ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
(ঙ) অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
(চ) ১০০/= (একশত) টাকা মূল্যমানের পে- অর্ডার যে কোন তফসিলি ব্যাংক হতে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেন্ডা, সাভার, ঢাকা-এর অনুকূলে সংযুক্ত করিতে হইবে।

০৩। চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে এবং আবেদন পত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌছাইতে হইবে।

০৪। নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হইবে। তবে সেই ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে।

০৫। ইতঃপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হইতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী কাহারও উক্ত পদে আবেদন করিবার প্রয়োজন নাই।

০৬। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় মূল বেতনসহ পবিস কতৃক প্রদেয় অন্যান্য ভাতাদি প্রদানপূর্বক ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হইবে। অন-প্রবেশনে কর্মরত থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হইলে সমিতির নিয়ম অনুযায়ী উক্ত পদের চাকুরীতে নিয়মিত করা যাইতে পারে।

০৭। অত্র সমিতির ভৌগোলিক এলাকা অর্থাৎ সাভার উপজেলার সাভার পৌরসভা, সাভার ইউনিয়ন, পহেলা ওয়ার্শি, উত্তর ওয়ার্শি, নতুন পহেলা, দেউলিয়াপাড়া, পাইকপাড়া, নবগ্রাম, আমিনবাজার ইউনিয়ন, বনগ্রাম, কাউন্দিয়া, তেঁতুলঝোড়া, ভার্কুতা ও পাথালিয়া ইউনিয়ন এবং ধামরাই উপজেলা, মানিকগঞ্জ জেলার আটিগ্রাম ইউনিয়নের কেষ্টিগ্রাম, কেরানীগঞ্জ উপজেলার হযরতপুর ইউনিয়নের ০২ (দুই) টি গ্রাম কালারচর ও কদমতলী, টাংগাইল জেলার মির্জাপুর উপজেলার ওয়ার্শি ইউনিয়নের (আংশিক) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৮। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর এলাকা পরিচালক/ মহিলা পরিচালক বা কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারীর স্বামী/ স্ত্রী বা রক্ত সম্পর্কীয় আত্মীয় স্বজনের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। তথ্য গোপন করিয়া কোনো প্রার্থী নিয়োগ প্রাপ্ত হইলে চাকুরী হইতে বরখাস্তকরণসহ তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১০। অসম্পূর্ণ/ বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

১১। নিয়োগকালে পদের সংখ্যা কম/বেশী হতে পারে।

১২। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(প্রকৌঃ মোঃ হারুন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

<u>অনুলিপিঃ- (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।</u>

০১। জেলা প্রশাসক, ঢাকা।
০২। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ(কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। পরিচালক, পবিস মানব সম্পদ, পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবোর্ড, ঢাকা।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
০৭। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................. পবিস-১/২/৩/৪।
০৯। ডিজিএম ১/২/৩/৪/৫, জোনাল অফিস, ডিজিএম (সদর দপ্তর-কারিগরী), ঢাকা পবিস-৩।
১০। এজিএম(প্রশাসন/এমএস/ওএন্ডএম/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ইএন্ডসি/আইটি),ঢাকা পবিস-৩।
১১। **এজিএম (আইটি), ঢাকা পবিস-৩ (উক্ত বিজ্ঞপ্তি ঢাকা পবিস-৩ এর ফেসবুক ফেইজ ও ওয়েবসাইটে দেওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)**
১২। এজিএম(ওএন্ডএম), নয়ারহাট/কালামপুর সাব-জোনাল অফিস, ঢাকা পবিস-৩।
১৩। নোটিশ বোর্ড, সদর দপ্তর, ঢাকা পবিস-৩।
১৪। অফিস কপি/মাষ্টার কপি।

(প্রকৌঃ মোঃ হারুন)
সিনিয়র জেনারেল ম্যানেজার